গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

**বিষয়: নভেম্বর-২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুর রউফ<br>সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২১ নভেম্বর ২০২২, সকাল: ৯:৩০ মিনিট |
| সভার স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নভেম্বর-২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ২৫ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

০২। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়: দপ্তর

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **০১। মন্ত্রণালয়** | | | | |
| ১.১ | অনিষ্পন্ন বিষয়সমূহ | (ক) সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ ছক আকারে উপস্থাপন করা হয়। সভায় আলোচনা হয় যে, এ মন্ত্রণালয়ের কতিপয় শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ থাকা সত্ত্বেও তা সঠিকভাবে উপস্থাপন করা হয়নি। প্রতি মাসে অনিষ্পন্ন বিষয়সমূহ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী উপস্থাপন করার আহ্বান জানান এবং অনিষ্পন্ন বিষয়াদি পর্যায়ক্রমে নিষ্পত্তির জন্য সভাপতি আহ্বান জানান।<br>(খ) পাট অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়সমূহ মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের লক্ষ্যে যাচাই-বাছাই করে অনিষ্পন্ন সংক্রান্ত পত্রের প্রতিবেদন আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে সংশ্লিষ্ট শাখায় দাখিল করবেন মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | (ক) সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা এবং দপ্তর/ সংস্থার অনিষ্পন্ন পত্রসমূহ যাচাই-বাছাই করে তা উপস্থাপন করতে হবে।<br>(খ) পাট অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়সমূহ যাচাই-বাছাই করে অনিষ্পন্ন সংক্রান্ত পত্রের প্রতিবেদন ডিসেম্বর, ২০২২ মাসে সংশ্লিষ্ট শাখায় দাখিল করবেন। | মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থার প্রধানগণ |
| ১.২ | পেনশন/ আনুতোষিক | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন/গ্র্যাচুইটি অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করা হচ্ছে। এছাড়া, জিপিএফ সংক্রান্ত চূড়ান্ত উত্তোলনের কাজ দ্রুততার সাথে নিষ্পত্তি করা হয় এবং যে সকল কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে অবসর গ্রহণ করেন তাদের পিআরএল সংক্রান্ত আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন সংক্রান্ত কার্যক্রম দ্রুত নিষ্পত্তি ও আপডেট রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন/গ্র্যাচুইটি কার্যক্রম দ্রুত নিষ্পত্তি এবং অবসর গ্রহণকারী কোন কর্মকর্তা/কর্মচারী যাতে হয়রানি বা প্রতিবন্ধকতার সম্মুখীন না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থার প্রধানগণ ও উপসচিব (প্রশাসন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার APA সংক্রান্ত সংশোধিত প্রস্তাব APAMS Software এ আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্ম সচিব (বাজেট) ও এপিএ ফোকাল পয়েন্ট এবং দপ্তর/সংস্থার প্রধানগণ |
| ১.৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা গত ২৭ এপ্রিল ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গৃহীত কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১৬ অক্টোবর ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করা হবে। দপ্তর/সংস্থার যেসকল সূচক বাকি রয়েছে তা নির্দিষ্ট করে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণের পাশাপাশি মন্ত্রণালয়কে অবহিত করা। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এর প্রতিবেদন সূচক অনুযায়ী যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের (NIS) কর্মপরিকল্পনার বিষয়ে নির্দিষ্ট সময়ের পূর্বেই বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পাট) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার প্রধানগণ |
| ১.৬ | তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত | (ক) ২০২২-২৩ অর্থবছরে তথ্য অধিকার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১২ অক্টোবর ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>(খ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহবায়ক করে গত ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখে ১১ (এগারো) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় এবং কমিটির সভা ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ কর্তৃক ইতোপূর্বে প্রস্তুতকৃত নথির ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদপূর্বক নির্ধারিত ছকে ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সেপ্রেক্ষিতে, মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নথির ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকৃত তালিকা পাওয়া যায়। প্রাপ্ত তালিকা ০৩ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করা হয়। এছাড়াও হার্ডফাইলের নথির তালিকা নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করা হয়েছে। | (ক) তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।<br><br>(খ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের তথ্যাদি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (পাট), ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও দপ্তর/সংস্থার প্রধানগণ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১১.২ | বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা পুনর্গঠন সংক্রান্ত। | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার বিদ্যুৎ ও জালানি ব্যয় সাশ্রয় এর লক্ষ্যে সময় সময় জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালন করা হয়।<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয় এর লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়'কে আহবায়ক করে ০৬ (ছয়) সদস্য একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে গত ২৪ জুলাই ২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়।<br>এছাড়া মন্ত্রণালয়ের উপসচিব এবং তদ্‌নিম্ন কর্মকর্তা/কর্মচারী অথবা শাখা/অধিশাখায় ব্যবহৃত এসিগুলো বন্ধের নির্দেশনাসহ প্রয়োজনের অতিরিক্ত বাতি, ফ্যান, কেটলি, ও ওভেন বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত শাটল মাইক্রোবাস ও জিপসহ ০৬টি গাড়ির মধ্যে ০২টি গাড়ি জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে বন্ধ রাখা হয়েছে। বাকি ০৪টি গাড়ির জ্বালানি ২৫% হারে কম দেয়া হচ্ছে। | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে সময় সময় জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন প্রশাসন-২ শাখায় প্রতিমাসে প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখার কর্মকর্তাগণ ও দপ্তর/সংস্থার প্রধানগণ |

০৩। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় বিশ্বব্যাপী জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়ার অনুরোধসহ সকলের সুস্থ ও নিরাপদ জীবন কামনা করে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

০১/১১/২০২২

**মোঃ আব্দুর রউফ**
সচিব